**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**26 JUNE 2024** **7:45—7:55 PM IST**

==================================================================

১) প্রবীণ বিজেপি নেতা ওম বিড়লা একটানা দ্বিতীয়বারের জন্য লোকসভার অধ্যক্ষ হিসেবে নির্বাচিত । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ,স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ও বিরোধী দলনেতা রাহুল গান্ধী সহ বিশিষ্ট ব্যাক্তিদের বিড়লাকে অভিনন্দন।

২) জাতীয় তদন্তকারী আসংস্থা এন আই এর যোরহাট জেলায় গতবছর সংঘটিত গ্রেনেড নিক্ষেপের ঘটনা সম্পর্কে ৪ জন অভিযুক্তের বিরুদ্ধে অভিযোগনামা দাখিল ।

৩) মাদক দ্রব্যের বিরুদ্ধে কঠোর স্থিতি অক্ষুন্ন রেখে আসাম সরকারের ২ হাজার ১০০ কোটিরও অধিক মূল্যের মাদক দ্রব্য জব্দ ।

৪) আর্ন্তজাতিক মাদক দ্রব্য সেবন ও সরবরাহ বিরোধী দিবস উপলক্ষ্যে আজ রাজ্যের বিভিন্ন জেলায় সচেতনতা কার্যসূচী গ্রহণ ।

---

প্রবীণ বিজেপি নেতা তথা প্রাক্তন লোকসভা অধ্যক্ষ ওম বিরলা পুনরায় লোকসভার অধ্যক্ষ হিসেবে নির্বাচিত হয়েছেন ।এই পদের জন্য সাংসদ কে সুরেশের নাম প্রস্তাব করা কংগ্রেস দল লোকসভায় ভোটগ্রহণের দাবী উত্থাপন না করার পরিপ্রেক্ষিতে প্রাক্তন লোকসভা অধ্যক্ষ শ্রী বিরলা মৌখিক ভোটে টানা দ্বিতীয়বারের জন্য নির্বাচিত হয়েছেন ।এরপর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , বিরোধি দলনেতা রাহুল গান্ধী ও সংসদীয় পরিক্রমা দপ্তরের মন্ত্রী

কীরেণ রিজিজু তাঁকে অধ্যক্ষের আসন পর্যন্ত এগিয়ে নিয়ে যান ।আজ সকালে সভার কাজকর্ম শুরু হওয়ার পর প্রধানমন্ত্রী মোদী ও এন ডি এর আরো ১২ জন নেতা লোকসভার অধ্যক্ষ পদের জন্য শ্রী বিরলার নাম প্রস্তাব করে ।অপরদিকে বিরোধি পক্ষের হয়ে শিবসেনার উদ্ধব ঠাকরে গোষ্ঠির নেতা অরবিন্দ সাওন্ত , এন সি পি শরদ পাওয়ার গোষ্ঠির সুপ্রিয়া সুলে এবং সমাজবাদী পার্টীর আনন্দ ভাদৌরীয়া কংগ্রেস সাংসদ কে সুরেশের নাম প্রস্তাব করে ।

এদিকে প্রধানমন্ত্রী নবনির্বাচিত অধ্যক্ষ শ্রী বিরলাকে অভিনন্দন জানান । শ্রী বিরলার ভূমিকা সংসদের নতুন সদস্যদের জন্য অনুপ্ররেণামূলক হবে বলে তিনি আশা প্রকাশ করেন ।অধ্যক্ষ শ্রী বিরলার নেতৃত্বে সপ্তদশ লোকসভায় বেশ কয়েকটি ব্যাতিক্রমী বিল গৃহিত হয়েছিল বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে সাংসদদের আচার ব্যবহার ও দায়বদ্ধতা সংসদীয় গণতন্ত্রের প্রতি জনসাধারণের আস্থা বৃদ্ধি করে ।কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ লোকসভার অধ্যক্ষ হিসেবে পুনর নির্বাচিত হওয়ার জন্য শ্রী বিরলাকে অভিনন্দন জানান ।

বিরোধি দলনেতা রাহুল গান্ধী নবনির্বাচিত অধ্যক্ষ শ্রী বিরলাকে অভিনন্দন জানিয়ে বলেন যে এই সংসদ জনসাধারণের কণ্ঠকে প্রতিনিধিত্ব করে ।সংসদের কাজকর্ম সুষ্ঠুভাবে পরিচালনা করার ক্ষেত্রে বিরোধি পক্ষ সহযোগিতা করে যাবে বলে তিনি শ্রী বিরলাকে আশ্বাস দেন ।সমাজবাদী পার্টীর নেতা অখিলেশ যাদবও বিরোধি পক্ষ তাদের বক্তব্য উত্থাপন করার জন্য প্রয়োজনীয় সময় লাভ করবে বলে আশা প্রকাশ করেন ।অন্যদিকে তৃণমূল সাংসদ সুদীপ বন্দোপাধ্যায় সপ্তদশ লোকসভায় বিরোধি সাংসদদের বর্খাস্থ করার প্রসঙ্গ উত্থাপন করে বলেন যে সংসদে উপযুক্ত আলাপ আলোচনার মাধ্যমে বিল গৃহীত হওয়া উচিৎ ।

নলবারীতে আগামীকাল রাজ্য মন্ত্রীসভার বৈঠক অনুষ্ঠিত হবে ।এই বৈঠক আজ অনুষ্ঠিত হওয়ার কথা ছিল ।অনিবার্য কারণ বশত আজ বৈঠক স্থগিত রাখা হয়েছে বলে জনসংযোগের এক বিবৃতিতে জানানো হয়েছে ।এদিকে আগামী ২৯ এবং ৩০ শে জুন লক্ষিমপুরে অনুষ্ঠেয় জেলা আয়ুক্তদের বৈঠকের দিনও পরিবর্তন করা হয়েছে ।এই বৈঠক আগামী দোসরা ও তেসোরা জুলাই অনুষ্ঠিত হবে ।

---

জাতীয় তদন্তকারী সংস্থা এন আই এ উগ্রপন্থী সংগঠন আলফা স্বাধীনের গতবছর যোরহাটের একটি সামরিক ঘাটিতে গ্রেনেড নিক্ষেপ করার ঘটনা সম্পর্কে আজ চারজন অভিযুক্তের বিরুদ্ধে অভিযোগনামা দাখিল করেছে ।যোরহাটের লিচুবারী সামরিক ঘাটিতে গত বছর ১৪ ডিসেম্বর এই ঘটনা সংঘঠিত হয়েছিল ।উগ্রপন্থী সংগঠনটি উত্তরপ্রদেশের সেনা ছাউনি সমুহে আক্রমণের ষড়যন্ত্রের পরিকল্পনার অংশ হিসেবে এই ঘটনা সংঘঠিত করেছিল ।এর পূর্বে তিনশুকিয়ার কাকোপথার সেনা ছাউনিতেও অনুরূপ ঘটনা সংঘঠিত হয়েছিল ।উগ্রপন্থি সংগঠন আলফা স্বাধীন গত ১৫ ই ডিসেম্বর এক প্রেস বিবৃতিতে এই ঘটনার দ্বায় স্বীকার করে ।উল্লেখ্য আন্তর্জাতিক সীমান্তের ম্যায়ানমারে আলফা স্বাধীনের স্বঘোষিত কেপ্টেন অভিজিৎ গগৈ এবং সংগঠনটির নেতা পরেশ বরুয়া এই ষড়যন্ত্রের পরিকল্পনা করেছিল বলে জানা গেছে ।

---

গুয়াহাটী নীলাচল পাহাড়ের কামাখ্যাধামে ৫ দিন ব্যাপী অম্বুবাচী মেলার পর আজ সকালে ভক্তদের জন্য মন্দিরের দ্বরজা খুলে দেওয়া হয়েছে ।গতকাল রাত ৯ টা সাত মিনিটে অম্বুবাচী নিবৃত্তি হয় তবে আজ সকালে নিত্য পূজার্চনার পর দ্বার খুলে দেওয়া হয়েছে ।

আসাম সরকার মাদক দ্রব্যের বিরুদ্ধে গ্রহণ করা কঠোর স্থিতি অক্ষুন্ন রেখে ২ হাজার ১০০ কোটিরও অধিক মূল্যের মাদক দ্রব্য জব্দ করেছে। । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ আর্ন্তজাতিক মাদক দ্রব্য ও নেশাযুক্ত সামগ্রী সরবরাহ বিরোধী দিবসের পরিপ্রেক্ষিতে একথা উল্লেখ করে বলেন যে রাজ্যকে মাদক দ্রব্য মুক্ত করার জন্য সরকার লক্ষ্য স্থির করেছে । আগামীতে আসামে নতুন প্রজন্ম মাদক দ্রব্যের আসক্তি থেকে মুক্ত হয়ে সুস্থ জীবন লাভ করতে পারে তার জন্য এই প্রয়াস গ্রহণ করা হয়েছে বলে তিনি মন্তব্য করেন । মূখ্যমন্ত্রী বলেন যে এই প্রয়াসের দ্বারা আসামকে মাদক দ্রব্য থেকে মুক্ত করাই নয় সমগ্র দেশকে মাদক দ্রব্য থেকে মুক্ত করার প্রচেষ্টায় উৎসাহ যোগানো হবে ।

এদিকে পুলিশের বিশেষ টাস্ক ফোর্স এবং কাছাড় পুলিশ শিলচরে একটি গাড়ী থেকে ৯ গ্রাম হেরোইন জব্দ করেছে । জব্দ করা হেরোইনের মূল্য সাড়ে চার লক্ষ টাকারও অধিক হবে বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে ।

---

আজ ড্রাগসের অপব্যাবহার ও অবৈধ সরবরাহ বিরোধী আর্ন্তজাতিক দিবস । এবছর এই দিবসের মূল বিষয়বস্তু হচ্ছে THE EVIDENCE IS CLEAR: INVEST AND PREVENTION । রাজ্যে সম্প্রতি এইচ আই ভি সংক্রমণের ক্ষেত্রে ইঞ্জেকশনের মাধ্যমে ড্রাগস গ্রহণকে একটি প্রধান কারক হিসেবে বিবেচনা করা হয়েছে । উল্লেখ্য ড্রাগস গ্রহণকারীদের মধ্যে ব্যাবহৃত ইঞ্জেকশন ও সিরিঞ্জের আদান-প্রদানে এইচ আই ভি সংক্রমণের আশঙ্কা বৃদ্ধি করে । ড্রাগস নির্ভরশীলতার উপযুক্ত চিকিৎসার জন্য ইঞ্জেকশনের দ্বারা ড্রাগস গ্রহণকারীরা শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতাল , গৌহাটী মেডিকেল কলেজ, কার্বি আংলংয়ের ডিফু মেডিকেল কলেজ ও হাসপাতাল ,গোলাগাটের শহীদ কুশল কোঁয়র অসামরিক চিকিৎসালয় ,ডিব্রুগড়ের আসাম মেডিকেল কলেজ ও হাসপাতাল,নগাঁওয়ের ভোগেশ্বরী ফুকননী অসামরিক চিকিৎসালয়ে অবস্থিত ও এস

টি কেন্দ্রগুলিতে যেতে পারবেন । এছাড়া গৌহাটী কেন্দ্রীয় কারাগারেও ও এস টি সেবা উপলব্ধ হবে ।

আসামের বিভিন্ন জেলা সহ গৌহাটী মহানগরীতে এই দিবসের সঙ্গে সঙ্গতি রেখে সরকারী রেল পুলিশ ও রেল সুরক্ষা বাহিনী গৌহাটী রেল স্টেশন থেকে নেশাযুক্ত দ্রব্যের বিরুদ্ধে এক সচেতনতামূলক র‍্যালী বের করে । এদিকে ডিফুতে ১৬ কোটিরও অধিক মূল্যের ড্রাগস পোড়ানো হয়েছে ।

---

রাক উপত্যকার বিভিন্ন সংস্থা-সংগঠন আজ এই দিবস পালন করেছে । শিলচরের ন্যাশনেল ইনষ্টিটিউট ফর টেকনোলজি ( এন আই টি)র পক্ষ থেকে বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে আর্ন্তজাতিক ড্রাগসের অপব্যবহার এবং অবৈধ সরবরাহ বিরোধী দিবস পালন করা হয়েছে । এন আই টি শিলচরের সঞ্চালক দিলীপ কুমার বৈদ্যের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় শিলচর এন আই টি ক্যাম্পাসকে মাদক মুক্ত রাখার বিষয় নিয়ে আলোচনা করা হয় । এছাড়া ড্রাগস মুক্ত সমাজ গড়ার লক্ষ্যে শপথ গ্রহন করা হয় ।

---

ডিমা হাসাও জেলার এন সি ও আর ডি-সংস্থার উদ্যোগে আজ  আর্ন্তজাতিক ড্রাগসের অপব্যবহার এবং অবৈধ সরবরাহ বিরোধী দিবস উপলক্ষ্যে হাফলং শহরে একটি সচেতনতা র‍্যালীর আয়োজন করা হয় । র‍্যালীটি হাফলং-এর প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে পুলিশ সুপারের কার্য্যলয়ে এসে শেষ হয় ।

---

আসাম দক্ষতা বিকাশ মিশনের উদ্যোগে প্রধানমন্ত্রী অনুসূচীত জাতি অভ্যুদয় যোজনার অধীনে তপশিলী জাতি প্রার্থীদের বিনামূল্যে দক্ষতা বিকাশ প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়েছে । করিমগঞ্জের দক্ষতা নিয়োগ ও শিল্পোদ্যোগ বিভাগের ভারপ্রাপ্ত জেলা নিয়োগ আধিকারীক জানিয়েছেন যে রিটেইলস সার্ভিসেস , হসপিটিলিটি , হাউসকিপিং , ফুড এন্ড রেভারেজ সার্ভিসেস এবং বিউটি ও

ওয়েলনেস বিষয়ে প্রশিক্ষন দেওয়া হবে । এই প্রশিক্ষনের জন্য তপশিলি জাতি প্রার্থীদের বয়স ১৮ থেকে ২৫ বছর হতে হবে । শিক্ষাগত যোগ্যতা উচ্চতর মাধ্যমিক উত্তীর্ণ এবং প্রার্থীদের আড়াই লক্ষ টাকার নীচে আয়ের প্রমান পত্র থাকতে হবে । এই যোজনার বিষয়ে বিস্তারিত জানতে  এবং প্রার্থীদের নিজের নাম অর্ন্তভুক্তির জন্য আগামী ২৮শে জুন বেলা তিনটায় করিমগঞ্জ শহরের সরস্বতী বিদ্যানিকেতন বিদ্যালয়ে এক পথ প্রদর্শন অভিযানের আয়োজন করা হয়েছে । এই অভিযানে জেলার ইচ্ছুক প্রার্থীদের যোগদান করার জন্য আহ্বান জানানো হয়েছে ।

---

করিমগঞ্জের পুলিশ সুপার জানিয়েছেন যে বাজারিছড়া থানা প্রাঙ্গনে আগামী ৩০শে জুন বাজেয়াপ্ত করা ৬ হাজার ৪ শো ৭৫ কিলোগ্রাম সুপারী প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে । ইচ্ছুক ডাকদাতাদের ওই দিন প্রকাশ্য নিলামে অংশ নিতে আহ্বান জানানো হয়েছে ।

---

ছাত্র সংগঠন এ আই ডি এস ও । যুব সংগঠন এ আই ডি ওয়াই ও এবং মহিলা সংগঠন এ আই ডি ওয়াই ও-র কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে আজ শিলচর শহরের বেহাল সড়ক সংস্কারের দাবী জানিয়ে বিক্ষোভ মিছিল বের করে শহর পরিক্রমা করে । বিক্ষোভ কার্য্যসূচীতে বক্তব্য রাখতে গিয়ে সংগঠনগুলির পক্ষে দুলালী গাঙ্গুলী শিলচর শহরের বেহাল সড়কের জন্য প্রতিদিন দূর্ঘটনা ঘটছে বলে অভিযোগ করে অবিলম্বে সড়ক সংস্কারের দাবী জানানো হয়েছে ।

---

বদরপুর প্রেস ক্লাবের উদ্যোগে আগামীকাল বদরপুরঘাটের একটি ভবনে অর্শ রোগের উপর একটি সচেতনতা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরে শ্রীগৌরী হাসপাতালের চিকিৎসক সুব্রত ঘোষ মূখ্য আলোচক হিসেবে উপস্থিত থাকবেন ।

==========================================